



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৬৮৬৪/৮৭৩

তারিখ : ১৭/০৫/২০২১ খ্রি.

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র : ক) যশোর শিক্ষা বোর্ড কর্তৃক গত ১৮/০৭/২০১৮ খ্রি. তারিখে বিঅ-৬/৬৮৬৪/২৯৪৬ নং স্মারকপত্র।

খ) আপিল এন্ড আর্বিট্রেশন কমিটি ২০/১১/২০১৮ খ্রি. তারিখে ৭৩তম সভার সিদ্ধান্ত।

গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোটচাঁদপুর, ঝিনাইদহ-এর ১৩/০৫/২০১৯ খ্রি. তারিখের ০৫.৪৪.৪৪৪২.০০০০.০২.০৪২.২০১৯-২৮৫ নং স্মারকপত্র।

ঘ) জনাব মো: হুমায়ুন করীর, এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট-এর ২৭/০৪/২০২১ খ্রি. তারিখের Notice For Moving Contempt Petition.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর উপজেলাধীন বলাবাড়ীয়া-বাগডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মো: আশরাফুজ্জামান, পিতা : মীর গোলাম মোস্তফা এর চূড়ান্ত বরখাস্তের আদেশ বিধি সম্মত না হওয়ায় বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ-২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী চূড়ান্ত বরখাস্তের দিন হতে সাময়িক বরখাস্ত হিসেবে গণ্য হবেন এবং সাময়িক বরখাস্তের দিন থেকে বিধি মোতাবেক যাবতীয় পাওনা পরিশোধসহ পূর্ণ বেতন-ভাতা প্রদান করে অবহিত করার জন্য বলা হয়। উক্ত নির্দেশনা প্রতিপালন করছেন কিনা সে বিষয়ে বোর্ডকে অবহিত করা হয় নাই। এমতাবস্থায় যশোর শিক্ষা বোর্ড ও উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ এর নির্দেশ অমান্য করায় কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার জবাব পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভাপতি, ম্যানেজিং কমিটি  
বলাবাড়ীয়া-বাগডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় (১১৬৬৫৫)  
কোটচাঁদপুর, ঝিনাইদহ

১-প্রঃ  
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকশিক্ষা বোর্ড  
যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৩৪

তারিখ : ১৭/০৫/২০২১ খ্রি.

স্মারক নং-বিঅ-৬/৬৮৬৪/৮৭৩

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে )

- ১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ২। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। সংরক্ষণনথি।

২৭-০৫-২০২১  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকশিক্ষা বোর্ড  
যশোর